

যুগান্তর

যুক্তরাষ্ট্রের চিকিৎসকদের সঙ্গে চাকরির সুযোগ দিচ্ছে অগমেডিক্স

প্রকাশ : ২৫ সেপ্টেম্বর ২০১৮, ১৮:২৩ | অনলাইন সংস্করণ

আইটি ডেস্ক



যুক্তরাষ্ট্রের চিকিৎসকদের সঙ্গে চাকরির সুযোগ দিচ্ছে অগমেডিক্স

বাংলাদেশে বসে মার্কিন যুক্তরাষ্ট্রের চিকিৎসকদের সঙ্গে চাকরি করার সুযোগ দিচ্ছে তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান অগমেডিক্স বাংলাদেশ। ইতিমধ্যে তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের এলআইসিটি প্রকল্পের আওতায় ১৬০ জন স্কাইবকে প্রশিক্ষণ দিয়েছে প্রতিষ্ঠানটি।

রোববার সন্ধ্যায় ঢাকা ক্লাবে অগমেডিক্স বাংলাদেশের আয়োজনে 'অগমেডিক্স স্কাইব অ্যাচিভারস নাইট' অনুষ্ঠানে ১৬০ জন স্কাইবকে সম্বর্ধনা দেয়া হয়। অনুষ্ঠানে অগমেডিক্স বাংলাদেশ ২০২১ সাল নাগাদ হাজারেরও বেশি মধ্যম আয়ের চাকরি প্রদানের পরিকল্পনা পেশ করে।

২০১৭ সালে অগমেডিক্স স্কাইবদের প্রথম যাত্রা শুরু হয়, যারা সাফল্যের সঙ্গে যুক্তরাষ্ট্রে চিকিৎসকদের সঙ্গে কাজ শুরু করে এবং বর্তমানে প্রশিক্ষক পদে উন্নীত হয়েছে। অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথি ছিলেন স্কাইব গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তপন চৌধুরী। এছাড়া এলআইসিটি, এসইআইওই, বাক্যসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দ এবং তথ্য প্রযুক্তি খাতের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অগমেডিক্স বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক রাশেদ মুজিব নোমান বলেন, এলআইসিটি প্রকল্পের সরাসরি সহযোগিতায় অগমেডিক্স মধ্যম আয়ের জনগোষ্ঠী তৈরি করে ডিজিটাল বাংলাদেশ ২০২১ এর লক্ষ্য পূরণে সাফল্যের সঙ্গে এগিয়ে যাচ্ছে।

ভবিষ্যতেও বাংলাদেশ সরকারের তথ্য প্রযুক্তি বিভাগের সমর্থন অব্যাহত থাকবে, যা প্রযুক্তি নির্ভর স্কাইব সেবার মাধ্যমে তরুণদের জন্য বৈদেশিক মুদ্রা উপার্জনের পরিবেশ প্রতিষ্ঠা করতে সাহায্য করবে।

বাংলাদেশি বংশোদ্ভূত ইয়ান শাকিল ২০১২ সালে সানফ্রান্সিসকোতে অগমেডিক্স প্রতিষ্ঠা করেন।



১৬০ জন স্কাইব যুক্তরাষ্ট্রে চাকরির সুযোগ পেয়েছেন।

এটি এমন এক সেবামাধ্যম যেখানে একজন চিকিৎসক গুগল গ্লাস পরে রোগী দেখবেন এবং বাংলাদেশ থেকে দক্ষ স্কাইবরা এই কথোপকথনটি সরাসরি দেখে ও শুনে চিকিৎসকদের গুরুত্বপূর্ণ ইলেকট্রনিক্স মেডিকেল স্কাইব সম্পূর্ণ করার দায়িত্ব পালন করবেন।

অগমেডিক্স বাংলাদেশ ২০১৭ সালের প্রথম বেসিস আইসিটি অ্যাওয়ার্ডের হেলথ অ্যান্ড ওয়েল-বিং বিভাগে প্রথম রানার আপ হয় এবং একই সঙ্গে ২০১৭ সালের ১৭তম অ্যাপিকটাতেও প্রথম রানার আপ হয়।

এই ধারা বজায় রেখে অগমেডিক্স ভবিষ্যতে আরও কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে, যাতে দেশের তরুণ সমাজের বিশেষ করে প্রকৌশলী এবং দক্ষ স্কাইবদের নিয়োগের সম্ভাবনা থাকছে।

অগমেডিক্স প্রতি মাসে ২৫-৩০ জন নতুন স্কাইব নিয়োগের উদ্দেশ্যে প্রত্যেক মঙ্গলবার ও শুক্রবার বিকাল সাড়ে চারটায় তাদের পান্থপথ কার্যালয়ে ইনফরমেশন সেশনের আয়োজন করে যা সবার জন্য উন্মুক্ত।

এর পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়েও তারা এই কার্যক্রম চালিয়ে যাচ্ছে, যেখান থেকে প্রাথমিক বাছাইপর্ব শুরু হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬